



তথ্যবিবরণী

নম্বর-২৬৬

রাজশাহীতে টিভি সাংবাদিকদের নিয়ে এনআইএমসি'র স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা

রাজশাহী; ০৪ জ্যৈষ্ঠ (১৮ মে):

‘স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক এক কর্মশালা আজ (১৮ মে) সকালে রাজশাহীর একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (এনআইএমসি) এ কর্মশালার আয়োজন করে।

এনআইএমসি'র অতিরিক্ত মহাপরিচালক সুফী জাকির হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) টুকটুক তালুকদার। স্বাগত বক্তব্য রাখেন এনআইএমসি'র পরিচালক একেএম আজিজুল হক। অন্যান্যের মধ্যে রাজশাহী পিআইডি'র উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান এবং জেলা তথ্য অফিসের পরিচালক ফরহাদ হোসেন বক্তৃতা করেন।

কর্মশালায় বক্তাগণ বলেন, স্মার্ট বাংলাদেশ শুধু অর্থনৈতিক ও প্রযুক্তিগত অগ্রগতির দেশ হবে না বরং তা হবে মানবিক, অন্তর্ভুক্তিমূলক এবং সহনশীল। এক সময় ডিজিটাল বাংলাদেশ নিয়ে বিদ্রূপ করা হতো কিন্তু ডিজিটাল বাংলাদেশ এখন বাস্তবতা এবং সেই ডিজিটাল বাংলাদেশের ভিত্তির উপর দাঁড়িয়ে স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠিত হবে।

বক্তাগণ আরও বলেন, স্মার্ট বাংলাদেশ আমাদের দেশে একটি নতুন ধারণা। আমরা নতুন কিছু সহজে গ্রহণ করতে চাই না। সরকারি-বেসরকারি অনেকগুলো অনলাইন সেবা চালু হলেও অনেকেই নিজে নিজে সেগুলো ব্যবহার করতে এখনো সক্ষম নয়। অন্যের সহযোগিতার প্রয়োজন হয়। আমাদের প্রচেষ্টা হবে, সকলে যেন এগুলো নিজে নিজে ব্যবহার করতে পারে।

ই-নামজারি, অনলাইনে খাজনা প্রদান, ই-পাসপোর্ট, অনলাইনে ট্যাক্স প্রদান প্রভৃতি সেবার সুবিধা সাংবাদিকরা বেশি জানে মন্তব্য করে বক্তাগণ বলেন, সরকারি দপ্তরগুলোর স্মার্ট বাংলাদেশ গড়ার কর্ম প্রচেষ্টার সাথে মিডিয়াকর্মীরা কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে স্মার্ট বাংলাদেশ অর্জন সহজ হবে।

কর্মশালায় সাংবাদিকদের পক্ষ থেকে তাঁদের জন্য সম্মানজনক বেতন-ভাতা নিশ্চিত করা, স্মার্ট বাংলাদেশের টার্গেটগুলোর বর্তমান অবস্থা প্রকাশ, ই-সেবাগুলো আরো দ্রুততর করা সহ বিভিন্ন সুপারিশ করা হয়।

রাজশাহীতে কর্মরত টিভি সাংবাদিকবৃন্দ কর্মশালায় অংশগ্রহণ করেন।

.....

তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৬.২০ ঘ.